দৈনিক সংবাদ

41

তারিখ ... ... APR 1 1 2000 ...
পৃষ্ঠা 2 কলাম 2 ......

### অধ্যক্ষ পরিষদের বিবৃতি

## পরীক্ষায় নকল রোধে প্রশাসনিক সহযোগিতা দেয়ার আহ্বান

অধ্যক্ষ পরিষদের জাতীয় নির্বাহী কমিটির সভায় আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের সকল প্রকার প্রশাসনিক সাহায্য-সহযোগিতা দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে।

গত শনিবার বিকেল ৩টায় বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের জাতীয় নির্বাহী কমিটির এই সভা অধ্যক্ষ পরিষদের সভাপতি অধ্যাপক এম শরিফুল ইসলামের সভাপতিত্বে মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে অনুষ্ঠিত হয়। সভায় আলোচনায় অংশ নেন অধ্যক্ষ মোঃ মাজহারুল হান্নান (শহীদ সোহরাওয়ার্দী কলেজ, খুলনা), অধ্যক্ষ আবদুল আহাদ ভুঁইয়া (সিরাইল ডিগ্রি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া), অধ্যক্ষ শামসউদ্দীন আহমেদ (পার্বতীপুর ডিগ্রি কলেজ), অধ্যক্ষ রহিমা খন্দকার (ইসলামপুর জে জে কে কলেজ, জামালপুর), অধ্যক্ষ দিলওয়ার ইসলাম (ঢাকা স্টেট কলেজ), অধ্যক্ষ ইসহাক হোসেন (মীরপুর কলেজ, ঢাকা), অধ্যক্ষ আফতার উদ্দিন আহমেদ (অধ্যক্ষ), শহীদ জিয়া কলেজ, পিরোজপুর), প্রফেসর লতিফুর রহমান (ইম্পেরিয়াল কলেজ, ঢাকা), অধ্যক্ষ মোঃ আবদুল হাই ভুঁইয়া (মনোহরদী কলেজ) এবং অধ্যক্ষ আবদুর রশীদ (প্রেমতলী কলেজ, রাজশাহী)।

সভায় শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্টের প্রাপ্য টাকা প্রদানের জটিলতা নিরসনের লক্ষ্যে সুষ্ঠু নীতিমালা ঘোষণার দাবি জানানো হয়। শিক্ষক-কর্মচারীদের জন্য কল্যাণ ট্রাস্ট এবং অবসরকালীন ভাতার পৃথক পৃথক সুযোগকে একীভূত না করে পূর্বের সিদ্ধান্ত মোতাবেক দুভাবেই শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য সুযোগ প্রদানের জোর দাবি জানানো হয় এবং এ বিষয়ে কোন মহলের চক্রান্তে যেন শিক্ষক-কর্মচারিগণ বঞ্চিত না হন সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়।